গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২১.১৪.৫২১.১৮-১৯২

তারিখ: ০৭ চৈত্র ১৪২৫ / ২১ মার্চ ২০১৯

বিষয়: "উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ" শীর্ষক কার্যক্রমের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়িত "উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ" শীর্ষক কার্যক্রমের স্টিয়ারিং কমিটির সভা ২০/০৩/২০১৯ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

২১/০৩/২০১৯

মোসা: কামরুন্নাহার
উপসচিব
ফোন নং-৫৫০০৭০৭৮
dsbudget@sid.gov.bd

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্যব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৩। যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৫। পরিচালক, ন্যানশনাল একাউন্টিং উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৬। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৭। জনাব মুহাম্মদ আলী প্রিন্স, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৯। জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যাবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা
www.sid.gov.bd

বিষয়ঃ 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০১৮' শীর্ষক কার্যক্রমের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | | |
|---|---|---|---|
| ১.১ | সভাপতি | : | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.২ | সভার স্থান | : | সচিব মহোদয়ের সভা কক্ষ<br>লেভেল-১০, ব্লক-এ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |
| ১.৩ | সভার তারিখ | : | ২০ মার্চ ২০১৯ খ্রিঃ রোজ বুধবার। |
| ১.৪ | সভার সময় | : | বেলা ১২:০০ ঘটিকা। |
| ১.৫ | সভায় উপস্থিতি | : | সংযোজনী "ক" |

০২। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব বিকাশ কিশোর দাস জরিপের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব লিজেন শাহ নঈম-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী জরিপের সার্বিক কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ জানান।

০৩। জরিপের ফোকাল পয়েন্ট কর্মকর্তা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় জানান যে, 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০১৮' শীর্ষক কার্যক্রমের জন্য 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহের নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে প্রশ্নপত্র ও নির্দেশিকা ম্যানুয়াল চূড়ান্ত করা হয়েছে যা বিবিএস এর প্রকাশনা শাখায় মূদ্রণ চলমান আছে। আগামী ২৩-২৫ মার্চ, ২০১৯ খ্রি. বিভাগীয় সমন্বয়কারী, জেলা সমন্বয়কারী/সুপারভাইজিং কর্মকর্তা ও তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ কার্যক্রম বিবিএস অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ কার্যক্রম ১ এপ্রিল থেকে ৩০ এপ্রিল ২০১৯ খ্রি. পর্যন্ত চলবে। তিনি জরিপের লক্ষ্য ও উদ্দেশ্য এবং এর গুরুত্ব তুলে ধরে সভায় অবহিত করেন যে, ২০১২ সালে 'জাতীয় শিল্পনীতি ২০১০' এর শিল্প শ্রেনিবিন্যাসের TPE (Total Person Engaged) অনুসরণ করে তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ করা হয়েছিল। ইতোমধ্যে 'জাতীয় শিল্পনীতি ২০১৬' প্রনীত হয়েছে. যেখানে TPE এর মাধ্যমে শিল্প শ্রেণিবিন্যাসে পার্থক্য করা হয়েছে। তাই 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০১৮' এ 'জাতীয় শিল্পনীতি ২০১০' এর শিল্প শ্রেণিবিন্যাস TPE অনুসরণ করে তথ্য সংগ্রহ ও সংকলন করা হবে এবং রিপোর্ট প্রণয়নের সময় শিল্প শ্রেণিবিন্যাসকরণে 'জাতীয় শিল্পনীতি ২০১০' এবং 'জাতীয় শিল্পনীতি ২০১৬' উভয়ই অনুসরণ করা হবে।

০৪। তিনি আরও জানান যে, 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০১২' ও 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০১৮' এর ফলাফল তুলনামূলক বিশ্লেষণ ও শিল্পপ্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধির হার নির্ণয়ের সুবিধার্থে 'জাতীয় শিল্পনীতি ২০১০' এর শ্রেণিবিন্যাস অনুসরণ করা হবে এবং পরবর্তী জরিপসমূহে সম্পূর্ণভাবেই 'জাতীয় শিল্পনীতি ২০১৬' অনুসরণ করা হবে। সভায় উপস্থিত ন্যাশনাল একাউন্টিং উইং এর পরিচালক জনাব আবুল কালাম আজাদ জানান যে, জরিপটির জন্য তথ্য সংগ্রহ এবং প্রাপ্ত তথ্য এডিটিং কোডিংপূর্বক এনালাইসিস করে রিপোর্ট সম্পন্ন করা তুলনামুলক সময় সাপেক্ষ এবং কষ্টসাধ্য বিধায় জুন ২০১৯ খ্রি. মাসের মধ্যে জরিপের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টালিশীট প্রস্তুত করে কি-ফাইন্ডিংস প্রদান করা গেলে জিডিপি প্রস্তুতে আপডেট তথ্য কাজে লাগানো যাবে এবং টেব্যুলেশন প্রস্তুত করে জরিপের মূল রিপোর্ট প্রকাশসহ অন্যান্য কার্যক্রম সেপ্টেম্বর ২০১৯ খ্রি. সময়ের মধ্যে সম্পন্ন করা যেতে পারে।

০৫। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব বিকাশ কিশোর দাস 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০১৮' এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রাখার জন্য কার্যক্রমে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি জরিপের প্রশ্নপত্র এবং ম্যানুয়েল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে আপলোড/প্রকাশ করার জন্য পরামর্শ প্রদান করেন।

চলমান পাতা-২

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০১৮' এর প্রশ্নপত্র এবং ম্যানুয়েল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে আপলোড/প্রকাশ করতে হবে।

(খ) জুন ২০১৯ খ্রি. মাসের মধ্যে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টালিশীট প্রণয়ন করে জরিপের কি-ফাইন্ডিংস প্রস্তুত করতে হবে।

(গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত কর্মপরিকল্পনা অনুযায়ী সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।

(ঘ) উৎপাদন শিল্প প্রতিষ্ঠান থেকে জরিপের তথ্য সংগ্রহের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহায়তা প্রদান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব